

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاء

আয়াতঃ ২৬ : ৭

আরবি মূল আয়াত:

أَوَلَمْ يَرَوْا إِلَى الْأَرْضِ كَمْ أَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيمٍ ﴿٧﴾

অনুবাদসমূহ:

তারা কি যমীনের প্রতি লক্ষ করেনি? আমি তাতে প্রত্যেক প্রকারের বহু উৎকৃষ্ট উদ্ভিদ উদগত করেছি। — আল-বায়ান

তারা কি যমীনের দিকে চেয়ে দেখে না, আমি তাতে সব ধরনের উৎকৃষ্ট উদ্ভিদ পয়দা করেছি। — তাইসিরুল

তারা কি পৃথিবীর দিকে দৃষ্টিপাত করেনা? আমি তাতে প্রত্যেক প্রকারের কত উৎকৃষ্ট জিনিস উদগত করেছি। — মুজিবুর রহমান

Did they not look at the earth - how much We have produced therein from every noble kind? — Sahih International

৭. তারা কি যমীনের দিকে লক্ষ্য করে না? আমরা তাতে প্রত্যেক প্রকারের অনেক উৎকৃষ্ট উদ্ভিদ উদগত করেছি!(১)

(১) জَوْجের শাব্দিক অর্থ হচ্ছে যুগল। এ কারণেই পুরুষ ও স্ত্রী, নর ও নারীকে জَوْজ বলা হয়। অনেক বৃক্ষের মধ্যেও নর ও নারী থাকে, সেগুলোকে এদিক দিয়ে জَوْজ বলা যায়। কোন সময় এ শব্দটি বিশেষ প্রকার ও শ্রেণীর অর্থেও ব্যবহৃত হয়। এ হিসাবে বৃক্ষের প্রত্যেক প্রকারকে জَوْজ যায়। কَرِيم শব্দের অর্থ উৎকৃষ্ট ও পছন্দনীয় বস্তু। [দেখুন: আদওয়াউল বায়ান, কুরতুবী, ফাতহুল কাদীর]

তাকসীরে জাকারিয়া

(৭) ওরা কি পৃথিবীর প্রতি দৃষ্টিপাত করে না? আমি ওতে সর্বপ্রকার উৎকৃষ্ট কত উদ্ভিদ উদগত করেছি! [1]

[1] জَوْজের দ্বিতীয় অর্থ এখানে প্রকার বা শ্রেণী করা হয়েছে। অর্থাৎ, নানান প্রকার জিনিস উৎপন্ন করেছি যা উৎকৃষ্ট; অর্থাৎ মানুষের জন্য কল্যাণকর ও উপকারী। যেমন শস্য, ফলমূল ও জীবজন্তু ইত্যাদি।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন